

স্মারক নং: ৫৭/১৭.০০০০.২০১.৩২.০০২.১৭-৬৮৮৪

তারিখ: ১৩ জুন, ১৪২৬ বঙ্গাব্দ  
২৮ আগস্ট, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্বে পুনর্ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের তালিকা আবশ্যিকভাবে ০৯/০৯/২০১৯ খ্রি: তারিখের মধ্যে নির্ধারিত ছক আকারে তথ্যাদি পূরণসহ শিক্ষার্থীদের আবেদনের সাথে প্রয়োজনীয় ডকুমেন্টস (সাধারণ নিয়মাবলীতে বর্ণিত ডকুমেন্টস) সংযুক্তপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষের দপ্তর হতে বাহক মারফত পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড স্বাক্ষর জমা প্রদান করতে অনুরোধ জানানো হলো: ০৯/০৯/২০১৯ খ্রি: তারিখের পরে কোন আবেদন জমা নেয়া হবে না।

নির্ধারিত ছক:

প্রতিষ্ঠান কোড ও নাম:								
প্রতিষ্ঠানের ই-মেইল ঠিকানা:				প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর:				
ক্রম নং	শিক্ষার্থীর নাম	টেকনোলজি	রোল নং	পর্ব	শিফট	রেজিস্ট্রেশন নং	পেশন	যে প্রতিষ্ঠানের আওতায় ভর্তি হয়েছে তার নাম (২০১০/২০১৬)

পুনর্ভর্তির সাধারণ নিয়মাবলী:

- ১। পুনর্ভর্তির আবেদনের সাথে রেজিস্ট্রেশন কার্ড এবং পূর্ববর্তী পর্বের প্রবেশ পত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ২। ১ম ও ৩য় পর্বে পুনর্ভর্তিকৃত শিক্ষার্থীদের আবশ্যিকভাবে প্রবিধান ২০১৬ অনুসরণ করতে হবে।
- ৩। ৫ম পর্বে পুনর্ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬ (যার জন্য মোট জ্যােজা) অনুসরণ করতে হবে।
- ৪। ৭ম পর্বে পুনর্ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রবিধান ২০১০ অনুসরণ করতে হবে।
- ৫। প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬-এর ৪.১৪.৪ ধারায় বর্ণিত অকৃতকার্য কোন শিক্ষার্থী ৫ম ও ৭ম পর্বে পুনর্ভর্তি হতে চাইলে তাদের ক্ষেত্রে প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬-এর ৪.১৪.৫ ধারা মোতাবেক ৫ম ও ৭ম পর্বে সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণকসহ আবেদন করতে হবে।
- ৬। প্রবিধান ২০১০-এর সংশোধিত ধারা ৪.১৪.৪ এবং প্রবিধান ২০১৬-এর ধারা ৪.১৪.৪ মোতাবেক ৪র্থ ও ৬ষ্ঠ পর্বে ৪(চার) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীগণ পরবর্তীতে সংশ্লিষ্ট পর্বে ৪র্থ ও ৬ষ্ঠ পর্বে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণের পর অনুষ্ঠীর্ণ হলে তারা পুনর্ভর্তিকৃত প্রতিষ্ঠানের ৪র্থ ও ৬ষ্ঠ পর্বের অনিয়মিত শিক্ষার্থী হিসেবে গণ্য হবে এবং পরবর্তী পর্বে অধ্যয়নের প্রদেয় পুনর্ভর্তির আদেশ বাতিল বলে গণ্য হবে এবং প্রবিধান ২০১০-এর সংশোধিত ধারা ৪.১৪.৪ এবং প্রবিধান ২০১৬-এর ধারা ৪.১৪.৪ মোতাবেক ব্যবস্থা নিতে হবে।
- ৭। প্রতিষ্ঠানে পুনর্ভর্তির আবেদন প্রাপ্তির পর আবেদন প্রবিধানের আলোকে যাচাই-বাছাই করে পুনর্ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের পুনর্ভর্তি ফি বাবদ শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে মোট টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুগ্রহে ব্যাংক ড্রাফট করতে হবে।
- ৮। শিক্ষার্থীর সংখ্যা ০৫ জনের বেশী হলে সফটকপি জার্য ফাইলে (সিডি) করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিদ্র: পুনর্ভর্তিকৃত শিক্ষার্থীদের নির্ধারিত ছক আকারে তথ্যাদি পূরণসহ আবেদনের সাথে রেজিস্ট্রেশন কার্ড এবং পূর্ববর্তী পর্বের প্রবেশ পত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি, সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্তসহ সমুদয় টাকার ব্যাংক ড্রাফট ০৯-০৯-২০১৯ খ্রি: তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা প্রদান করতে হবে। উপস্থিত প্রতিটি প্রতিষ্ঠানের মোট পুনর্ভর্তি শিক্ষার্থীর জন্য মোট টাকার একটি মাত্র ব্যাংক ড্রাফট হবে এবং একবারই জমা দিবেন। ০৯/০৯/২০১৯ খ্রি: তারিখের পরে কোন আবেদন এবং ব্যাংক ড্রাফট জমা নেয়া হবে না।

(সই: মুস্তাফিজ হোসেন)  
পরিচালক (কারিকুলাম)

তারিখ: ২৮/০৯/২০১৯ খ্রি:

স্মারক নং: ৫৭/১৭.০০০০.২০১.৩২.০০২.১৭-৬৮৮৪(৫০৪)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। দৃষ্ট আকর্ষণীয় প্রতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬-৫০০। অধ্যক্ষ
- ৫০১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিট জনস্বার্থে ভিত্তিতে গণস্বাক্ষরিত প্রকাশের জন্য অনুরোধ জানানো হল)।
- ৫০২। উপ-সচিব(রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫০৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫০৪। নথি।

(প্রকৌশলী মোঃ ফারুক রেজা)  
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)  
ফোন: ৯১২৫০৬৫  
ইমেইল: bteb.dip@gmail.com